

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২১

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة) পরিচ্ছেদঃ ৩০. পূর্ণরূপে ওযু করা সম্পর্কে যা বর্ণিত হয়েছে

بَابُ مَا جَاءَ فِي إِسْبَاغِ الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا زَكَرِيًّا بْنُ عَدِي حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَمْرٍ وَعَنْ ابْنِ عَقِيلٍ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ سَمِعَهُ يَقُولُ أَلَا أَدُلُّكُمْ عَلَى عَنْ أَلِي سَعِيدِ الْخُدْرِيِّ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ سَمِعَهُ يَقُولُ أَلَا أَدُلُّكُمْ عَلَى مَا يُكَفِّرُ اللَّهُ بِهِ الْخُطَايَا وَيَزِيدُ بِهِ فِي الْحَسَنَاتِ قَالُوا بَلَى قَالَ إِسْبَاغُ الْوُضُوءِ عَلَى الْمَكْرُوهَاتِ وَكَثْرَةُ الْخُطَا إِلَى الْمَسَاجِدِ وَانْتِظَارُ الصَّلَاةِ بَعْدَ الصَّلَةِ المَسَلَةِ المَسْلَاةِ مَعْدَ الصَّلَةِ مَعْدَ الصَّلَاةِ مَعْدَ الصَّلَاةِ مِسَادِه حسن والحديث صحيح

বাংলা

৭২১. আবু সাঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছেন, তিনি বলতেন: "আমি কি তোমাদেরকে এমন একটি জিনিসের কথা জানিয়ে দেব না, যার দ্বারা আল্লাহ তোমাদের গুণাহসমূহ মোচন করবেন এবং নেকীর পরিমাণ বৃদ্ধি করে দেবেন? তারা বললেন: হ্যাঁ, ইয়া রাসূলুল্লাহ! তিনি বললেন: তা হচ্ছে কষ্টের সময় পরিপূর্ণরূপে ওযু করা, মসজিদের দিকে অধিক পদচারণা করা এবং এক সালাতের পরে পরবর্তী সালাতের জন্য অপেক্ষা করা।"[1]

ফুটনোট

[1] তাহক্রীক্ব: এর সনদ হাসান কিন্তু হাদীসটি সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান ৪০২; মুসনাদুল মাউসিলী নং ১৩৫৫; মাওয়ারিদুয যাম'আন নং ১৬২। (সহীহ ইবনু খুয়াইমাহ ১১৭, ১৭৭, ৩৫৭; হাকিম ১/১৯১, ১৯২; আহমাদ ৩/৩; বাইহাকী ২/১৬; ইবনু আবী শাইবা ১/৭; ইবনু মাজাহ ৪২৭; আর এর শাহিদ হাদীস রয়েছে আবু হুরায়রা হতে সহীহ মুসলিম ২৫১; তিরমিয়া ৫১; সহীহ ইবনু হিব্বান নং ১০৩৮; তাবারানী, আল কাবীর ২৩/৪১৮; আহমদ ৫/২৭০ নং ২২৩৮০। এছাড়া জাবির রা: থেকেও এর শাহিদ বর্ণিত হয়েছে সহীহ ইবনু হিব্বান ১০৩৯; বায়যার ৪৪৯,



৪৫০ ।- দেখুন, মাওয়ারিদুয যাম'আন, মুহাকিকের তাহকীককৃত নং ১৬২; ফাতহুল মান্নান নং ৭৪৩ এর টীকা ।- অনুবাদক ।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন